

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ অগ্রহায়ণ ১৪২৭/৩০ নভেম্বর ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৩০৭—গত ২০ নভেম্বর ২০২০ তারিখে ‘ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়্যাল রেজিস্টার্স’-এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তিন বছরের জন্য উক্ত গ্রুপের সহ-সভাপতি নির্বাচিত করা হয়।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়্যাল রেজিস্টার্স’-এর সহ-সভাপতি নির্বাচিত হওয়ায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়েছে। ‘ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়্যাল রেজিস্টার্স’-এর সহ-সভাপতি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্বাচিত হওয়ার পরিপ্রেক্ষিতে মন্ত্রিসভার ০৮ অগ্রহায়ণ ১৪২৭/২৩ নভেম্বর ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

(১২৯৬৭)  
মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

ঢাকা : ০৮ অগ্রহায়ণ ১৪২৩  
২৩ নভেম্বর ২০২০

গত ২০ নভেম্বর ২০২০ তারিখে ‘ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স’-এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে তিন বছরের জন্য উক্ত গ্রুপের সহ-সভাপতি নির্বাচিত করা হয়।

জাতীয় থেকে বৈশ্বিক পর্যায়ে সম্পদ-সম্প্রসারণের ক্ষেত্রে মূল উপজীব্য হচ্ছে নাগরিক-স্বাস্থ্য। অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স মানুষ এবং প্রাণী উভয়ের জন্য একটি বৈশ্বিক স্বাস্থ্যঝুঁকি হয়ে দাঁড়িয়েছে। মানুষ ও প্রাণীর স্বাস্থ্যসুরক্ষা, নিরাপদ খাদ্য ও ফসল-উৎপাদন নিশ্চিতকরণ এবং পরিবেশ-ঝুঁকি মোকাবিলা আজ বিশ্ববাসীর জন্য বিরাট চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

উল্লেখ্য, অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স (জীবাণুর ঔষধ-প্রতিরোধকতা) চিহ্নিতকরণ ও তা মোকাবেলায় বৈশ্বিক পর্যায়ে সমন্বিত পদক্ষেপ গ্রহণের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এবং পশুস্বাস্থ্যবিষয়ক বিশ্ব সংস্থার (ওআইই)-এর উদ্যোগে, বিশ্বের নানা দেশের বর্তমান বা সাবেক মন্ত্রী, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা যারা স্ব স্ব কর্মক্ষমতায় নিযুক্ত রয়েছেন; এবং বিভিন্ন ফাউন্ডেশন, সুশীল সমাজ ও বেসরকারি খাতের প্রতিনিধিগণের সমন্বয়ে, ২২ সদস্য-বিশিষ্ট ‘ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স’ গঠন করা হয়। উক্ত গ্রুপ অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্সের চ্যালেঞ্জসমূহ প্রতিরোধের কার্যকর পদক্ষেপ গ্রহণ ও নিশ্চিতকরণের ক্ষেত্রে উচ্চপর্যায়ের পরামর্শক হিসাবে কাজ করবে। এই গ্রুপের মুখ্য দায়িত্ব হচ্ছে: অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স বিষয়ে গুরুত্ব-বজায়, জনসমর্থন সৃষ্টি, বৈশ্বিক এজেন্ডায় অ্যান্টিমাইক্রোবিয়াল প্রতিরোধ সংক্রান্ত চ্যালেঞ্জসমূহের দৃশ্যমান অন্তর্ভুক্তির ক্ষেত্রে রাজনৈতিক তৎপরতা বেগবান করা; এবং এ-সংক্রান্ত অগ্রগতি, অসংলগ্নতা ও জবাবদিহিতার বিষয়ে বৈশ্বিক সংবেদনশীলতা পর্যবেক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন। ডব্লিউএইচও, এফএও এবং ওআইই উক্ত গ্রুপকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার দেশে স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতের উন্নয়নের মাধ্যমে স্বাস্থ্যসেবা নিশ্চিত করে একটি সুস্থ, সবল ও কর্মক্ষম জনগোষ্ঠী গড়ে তুলতে নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। উল্লেখ্য, বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) গ্লোবাল অ্যাকশন প্ল্যান দ্বারা অনুপ্রাণিত হয়ে বাংলাদেশ কর্তৃক ২০১৭ সালে ‘অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স কনটেইনমেন্ট ইন বাংলাদেশ (২০১৭-২২)’-শীর্ষক জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় যা এ-সংক্রান্ত আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার প্রশংসা অর্জন করে।

মন্ত্রিসভা এই মর্মে অভিমত ব্যক্ত করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনপ্রিয়তা এখন দেশের গণ্ডি অতিক্রম করে আন্তর্জাতিক পরিমন্ডলে স্বীকৃত। নিজ মেধা ও যোগ্যতায় তিনি সর্বমহলে সমাদৃত। বেশ কিছু বৈশ্বিক উচ্চ-পর্যায়ের প্যানেলে তাঁর সুসংহত অবস্থান রয়েছে। নিজ দেশের অর্থনৈতিক উন্নয়নে তাঁর নিরলস প্রচেষ্টা ও সফলতা সকলের নিকট স্বীকৃতি পেয়েছে। বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে তাঁর নেতৃত্বসুলভ অবদানের জন্য তিনি অসংখ্য পুরস্কার ও সম্মাননায় ভূষিত হয়েছেন। বৈশ্বিক বিভিন্ন সমস্যা মোকাবেলায় তাঁর অভিজ্ঞতা ও পরামর্শ এখন সর্বজনগ্রাহ্য। এরই ধারাবাহিকতায় তিনি ‘ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স’-এর সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন যা বাংলাদেশের জন্য গর্ব ও অহঙ্কারের বিষয়।

মন্ত্রিসভা মনে করে ‘ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্রার্স’-এর সহ-সভাপতি নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়েছে। মন্ত্রিসভা দৃঢ় আশাবাদ ব্যক্ত করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের মর্যাদাসম্পন্ন অবস্থান উত্তরোত্তর উন্নীত হয়ে সারা বিশ্বে ক্রমাগত প্রসিদ্ধি অর্জন করে যাবে। এই পরিপ্রেক্ষিতে, মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd